

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
প্রশাসন-১ শাখা
www.skh.gov.bd

সরকারি কর্মচারী হাসপাতালের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আঃ রাজ্জাক সরকার, অতিরিক্ত মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল।
স্থান : সভাকক্ষ, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
তারিখ ও সময় : ২৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকা। উপস্থিতি : পরিশিষ্ট-“ক”।

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতপর: সভার আলোচ্যসূচি অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য আহ্বান করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, গত ৩১/০১/২০২৪ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার এপিএ'র অর্ধ-বার্ষিক পর্যালোচনা সভায় দপ্তর/সংস্থাসমূহ প্রতিমাসে অফিস প্রধানের সভাপতিত্বে এপিএ সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া আগামী ২০২৪-২৫ অর্থবছরের জন্য এপিএ নির্দেশিকা অনুসরণ করে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি আরও বলেন, ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কর্মসম্পাদন সূচকের মধ্যে এক্স-রে, সিটি স্ক্যান পরীক্ষা, ভিডিও অটোল্যারিঞ্জোস্কোপ, ব্লাড স্ক্রিনিং ও ফ্রস ম্যাচিং, সনাক্তকৃত যক্ষ্মা রোগী ও চিকিৎসা প্রদান, ই টেন্ডারের মাধ্যমে ক্রয় সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সন্তোষজনক নয়। তিনি উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ করেন।

রেডিওলজি বিভাগের বিভাগীয় প্রধান বলেন যে, রেডিওলজি বিভাগে সংস্কার কাজ চলমান থাকায় দীর্ঘদিন যাবত এক্স-রে ও সিটি স্ক্যান পরীক্ষা বন্ধ রয়েছে। চলতি মাসের শুরুর দিকে আমরা দ্বিতীয় তলায় পোর্টেবল এক্স-রে মেশিনের মাধ্যমে কিছু এক্স-রে করা শুরু করেছি। তবে সংস্কার কাজ শেষ না হলে বড় মেশিনে এক্স-রে ও সিটি স্ক্যান শুরু করা যাচ্ছে না।

প্যাথলজি বিভাগের বিভাগীয় প্রধান জানান যে, আশা করা যায় আগামী জুনের মধ্যে ব্লাড স্ক্রিনিং ও ফ্রস ম্যাচিং এর লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

ইএনটি বিভাগের বিভাগীয় প্রধান জানান যে, তাঁর বিভাগ সম্পর্কিত লক্ষ্যমাত্রা ভিডিও অটোল্যারিঞ্জোস্কোপ পরীক্ষা সংক্রান্ত মেশিনটি দীর্ঘদিন অকেজো থাকায় উক্ত পরীক্ষাটি বন্ধ ছিল। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের উদ্যোগে মেশিনটি সচল করায় আশা করা যায় আগামী জুন, ২০২৪ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হবে।


আবাসিক সার্জন ডা. ফারহানা বিনতে মোনামেজ জানান যে, ভবনের সংস্কার কাজের জন্য হাসপাতালের ডটস্ কণারটি দীর্ঘদিন বন্ধ থাকায় কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বর্তমানে সীমিত পরিসরে ডটস্ কণারটি চালু করা হয়েছে।

সভাপতি বলেন, বার্ষিক প্রতিবেদনের সকল কার্যক্রম সম্পন্ন হলেও তা প্রকাশ না করতে পারা খুবই দুঃখজনক। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসম্পাদন সূচকে প্রচার কার্যক্রম সম্পনের বিষয়ে বলা হয়েছে। প্রচার কার্যক্রমের অংশ হিসাবে লিফলেট বিতরণ, ব্যানার, ফেস্টুন, পোস্টার, ডিসপ্লে বোর্ডের মাধ্যমে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা যেতে পারে। যে সকল সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সন্তোষজনক নয় সেই সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রত্যেক বিভাগকে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া এপিএ নির্দেশিকা অনুসরণ করে আগামী ২০২৪-২৫ অর্থবছরের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের জন্য তিনি এপিএ টিমকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্ধান্ত:

- ১। যে সকল সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সন্তোষজনক নয় সেই সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রত্যেক বিভাগকে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ২। এপিএ নির্দেশিকা অনুসরণে আগামী ২০২৪-২৫ অর্থবছরের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করতে হবে।




(মোঃ আঃ রাজ্জাক সরকার)
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: ২২৩৩৮৬৭০৮
geh@mopa.gov.bd

নম্বর-০৫.৮৭.০০০০.০১১.৩৪.০০৫.২৩-১৫৩

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা)
- ২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি কর্মচারী হপসাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
- ৩। সদস্য (সকল), সরকারি কর্মচারী হপসাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।



(মামুন মাহবুব)
সহকারী পরিচালক (প্রশাসন-১)